NYC
HEALTH+
HOSPITALS

# অপ্রত্যাশিত মেডিকেল বিলের বিরুদ্ধে আপনার অধিকার এবং সুরক্ষা

আপনি যখন জরুরী যত্ন পান কিংবা আউট-অফ-নেটওয়ার্ক (নেটওয়ার্কের বাইরের) কোনো প্রদানকারী দ্বারা একটি ইন-নেটওয়ার্ক (নেটওয়ার্কের আভ্যন্তরীণ) হাসপাতাল বা অ্যাম্বুলেটরী সার্জিক্যাল সেন্টারে আপনাকে চিকিৎসা দেওয়া হয়, তখন আপনি ব্যালেন্স বিলিং থেকে সুরক্ষিত থাকেন। এসব ক্ষেত্রে, আপনাকে আপনার পরিকল্পনার কো-পেমেন্ট, কো-ইন্স্যুরেন্স এবং/অথবা ডিডাক্টিবলের চেয়ে বেশি চার্জ করা উচিত নয়।

## "ব্যালেন্স বিলিং" (কখনও কখনও "সারপ্রাইজ বিলিং" বলা হয়) কী?

আপনি যখন একজন ডাক্তার বা অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীকে দেখান, তখন আপনার কো-পেমেন্ট, কো-ইন্স্যুরেন্স, বা ডিডাক্টিবলের মত কিছু নির্দিষ্ট আউট অফ পকেট (নিজ পকেট থেকে) খরচ দিতে হতে পারে। আপনি যদি এমন কোনো প্রদানকারীর সাথে দেখা করেন বা স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিতে যান যা আপনার স্বাস্থ্য পরিকল্পনার নেটওয়ার্কের বাইরের, তাহলে আপনার বাড়তি খরচ করতে হতে পারে কিংবা আপনাকে পুরো বিলটিই দিতে হতে পারে।

"নেটওয়ার্কের বাইরে" বলতে বোঝায় সেসব প্রদানকারী এবং ফ্যাসিলিটিকে যারা পরিষেবা প্রদানের জন্য আপনার স্বাস্থ্য পরিকল্পনার সাথে একটি চুক্তি স্বাক্ষর করেনি। নেটওয়ার্কের বাইরের প্রদানকারীদের আপনার প্ল্যান কর্তৃক প্রদানকৃত অর্থ এবং একটি পরিষেবার জন্য চার্জ করা সম্পূর্ণ পরিমাণের মধ্যকার পার্থক্যের পরিমাণের জন্য আপনাকে বিল করার অনুমতি দেওয়া হতে পারে। একেই বলা হয় "**ব্যালেন্স বিলিং।**" এই পরিমাণটি সম্ভবত একই পরিষেবার জন্য ইন-নেটওয়ার্ক খরচের চেয়ে বেশি এবং আপনার প্ল্যানের ডিডাক্টিবল বা বাৎসরিক আউট অফ পকেট সীমার মধ্যে হিসাব করা নাও হতে পারে।

"সারপ্রাইজ বিলিং" হল একটি অপ্রত্যাশিত ব্যালেন্স বিল। এটি তখনই ঘটতে পারে যখন আপনি আপনার যত্নের সাথে কারা জড়িত তা নিয়ন্ত্রণ করতে পারেন না—যেমন আপনার কোনো জরুরি অবস্থা থাকলে কিংবা যখন আপনি একটি ইন-নেটওয়ার্ক ফ্যাসিলিটিতে ভিজিটের সময়সূচি নির্ধারণ করেন কিন্তু আউট-অফ-নেটওয়ার্ক কোনো প্রদানকারীর দ্বারা অপ্রত্যাশিতভাবে চিকিৎসা প্রদান করা হয়।

প্রক্রিয়া বা পরিষেবার উপর নির্ভর করে সারপ্রাইজ মেডিকেল বিলগুলির কারণে হাজার হাজার ডলার খরচ হতে পারে।

## আপনি যেগুলোর জন্য ব্যালেন্স বিলিং থেকে সুরক্ষিত:

### জরুরী পরিষেবা

আপনার যদি কোনো জরুরী চিকিৎসা অবস্থা থাকে এবং আউট-অফ-নেটওয়ার্ক কোনো প্রদানকারী বা হাসপাতাল কর্তৃক জরুরি পরিষেবা পেয়ে থাকেন, তাহলে তারা আপনাকে সর্বোচ্চ যে পরিমাণ বিল করতে পারে তা হল আপনার প্ল্যানের ইন-নেটওয়ার্ক কস্ট-শেয়ারিংয়ের পরিমাণ (যেমন কো-পেমেন্ট, কো-ইন্স্যুরেন্স, এবং ডিডাক্টিবল)। এই জরুরি পরিষেবাগুলির জন্য আপনাকে ব্যালেন্স বিল **করা যাবে না**। এর মধ্যে রয়েছে আপনি একটি স্থিতিশীল অবস্থায় যাওয়ার পরে আপনি যে পরিষেবাগুলি পেতে পারেন সেগুলিও, যদি না আপনি লিখিত সম্মতি দেন এবং এই পোস্ট-স্ট্যাবিলাইজেশন পরিষেবাগুলির জন্য ব্যাল্যান্স বিল না করার জন্য আপনার যে সুরক্ষা রয়েছে সেগুলো ছেড়ে দেন। যদি আপনার বীমার আইডি কার্ডে বলা থাকে "fully insured coverage," ("সম্পূর্ণ বীমাকৃত কভারেজ"), তাহলে আপনি পোস্ট-স্ট্যাবিলাইজেশন পরিষেবাগুলির জন্য ব্যালেন্স বিল না করার জন্য লিখিত সম্মতি দিতে **পারবেন না** এবং আপনার সুরক্ষাগুলি ছেড়ে দিতে **পারবেন না**।

### একটি ইন-নেটওয়ার্ক হাসপাতাল বা অ্যাম্বুলেটরি সার্জিক্যাল সেন্টারের নির্দিষ্ট কিছু পরিষেবা

আপনি যখন একটি ইন-নেটওয়ার্ক হাসপাতাল বা অ্যাম্বুলেটরি সার্জিক্যাল সেন্টার থেকে পরিষেবা পান, তখন সেখানকার কিছু প্রদানকারী আউট-অফ-নেটওয়ার্কও থাকতে পারে। এসব ক্ষেত্রে, এই সমস্ত প্রদানকারীরা আপনাকে সর্বোচ্চ যে পরিমাণ বিল করতে পারে তা হল আপনার প্ল্যানের ইন-নেটওয়ার্ক কস্ট-শেয়ারিংয়ের পরিমাণ। এটি জরুরী ওষুধপত্র, অ্যানেস্থেসিয়া, প্যাথলজি, রেডিওলজি, ল্যাবরেটরি, নিওন্যাটোলজি, সহকারী সার্জন, হসপিটালিস্ট এবং ইনটেনসিভিস্ট পরিষেবাগুলির ক্ষেত্রে প্রযোজ্য। এই প্রদানকারীরা আপনাকে ব্যালেন্স বিলিং করতে **পারে না** এবং ব্যালেন্স বিলিং না করার জন্য আপনার সুরক্ষাগুলি ছেড়ে দেওয়ার জন্য আপনাকে বলতে পারে **না**।

আপনার স্বাস্থ্যসেবার খরচ সম্পর্কে আরও জানতে QR কোডটি স্ক্যান করুন।

আপনি যদি এই ইন-নেটওয়ার্ক ফ্যাসিলিটিগুলিতে অন্য কোনও ধরনের পরিষেবা পান, তাহলে আউট-অফ-নেটওয়ার্কের প্রদানকারীরা আপনাকে ব্যালেন্স বিলিং করতে **পারবে না**, যদি না আপনি লিখিত সম্মতি দেন এবং আপনার সুরক্ষাগুলি ছেড়ে দেন। যদি আপনার বীমার আইডি কার্ডে বলা থাকে "সম্পূর্ণ বীমাকৃত কভারেজ", তাহলে আপনি এই অন্যান্য পরিষেবাগুলির জন্য আপনার সুরক্ষাগুলি ছেড়ে দিতে **পারবেন না** যদি সেগুলি সারপ্রাইজ বিল হয়ে থাকে। অপ্রত্যাশিত বিলগুলি হল যখন আপনি একটি ইন-নেটওয়ার্ক হাসপাতালে বা অ্যাম্বুলেটরী সার্জিক্যাল ফ্যাসিলিটিতে অবস্থান করেন এবং একজন অংশগ্রহণকারী ডাক্তার পাওয়া না যায়, অংশগ্রহণ না করা একজন ডাক্তার আপনার অজান্তে পরিষেবা প্রদান করেন, বা অপ্রত্যাশিত চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়।

## আপনার ইন-নেটওয়ার্ক ডাক্তার কর্তৃক রেফারকৃত পরিষেবাগুলি

যদি আপনার বীমা আইডি কার্ডে বলা থাকে "সম্পূর্ণ বীমাকৃত কভারেজ" সেক্ষেত্রে আপনার ইন-নেটওয়ার্ক ডাক্তার আপনাকে আপনার সম্মতি ছাড়াই (ল্যাব এবং প্যাথলজি পরিষেবা সহ) আউট-অফ-নেটওয়ার্ক সরবরাহকারীর কাছে রেফার করলে সারপ্রাইজ বিল অন্তর্ভুক্ত করা হয়। এই প্রদানকারীরা আপনাকে ব্যালেন্স বিলিং করতে **পারে না** এবং ব্যালেন্স বিলিং না করার জন্য আপনাকে আপনার সুরক্ষাগুলি ছেড়ে দেওয়ার জন্য বলতে পারে না। সম্পূর্ণ ব্যালেন্স বিলিং সুরক্ষা প্রযোজ্য হওয়ার জন্য আপনাকে একটি ফরমে (অর্থনৈতিক পরিষেবা বিভাগের ওয়েবসাইটে পাওয়া যায়) স্বাক্ষর করতে হতে **পারে**।

**আপনাকে কখনই ব্যালেন্স বিলিং থেকে আপনার সুরক্ষা ছেড়ে দিতে হবে না। আপনার নেটওয়ার্কের বাইরের যত্ন নেওয়ারও প্রয়োজন নেই। আপনি আপনার পরিকল্পনার নেটওয়ার্কেই একটি প্রদানকারী বা ফ্যাসিলিটি বেছে নিতে পারেন।**

## যখন ব্যালেন্স বিলিং অনুমোদিত নয়, তখন আপনার কাছে এই সুরক্ষাগুলিও রয়েছে:

+ আপনি শুধুমাত্র আপনার ভাগের খরচের অংশ পরিশোধের জন্য দায়বদ্ধ (যেমন কো-পেমেন্ট, কো-ইন্স্যুরেন্স, এবং ডিডাক্টিবল যা আপনি প্রদান করবেন যদি প্রদানকারী বা ফ্যাসিলিটি ইন-নেটওয়ার্কের হয়)। আপনার স্বাস্থ্য পরিকল্পনা নেটওয়ার্কের বাইরের সরবরাহকারী এবং ফ্যাসিলিটিগুলোকে সরাসরি যেকোনো অতিরিক্ত খরচ প্রদান করবে।
+ সাধারণত, আপনার স্বাস্থ্য পরিকল্পনা অবশ্যই:
    - আপনার পরিষেবাগুলির জন্য অগ্রিম অনুমোদন ("prior authorization" বা "পূর্ব অনুমোদন" নামেও পরিচিত) নেওয়ার প্রয়োজন ছাড়াই জরুরী পরিষেবাগুলি কভার করবে।
    - নেটওয়ার্কের বাইরের প্রদানকারীদের দ্বারা সরবরাহকৃত জরুরি পরিষেবাগুলি কভার করবে।
    - এটি ইন-নেটওয়ার্ক প্রদানকারী বা ফ্যাসিলিটিকে কী প্রদান করবে তার উপর ভিত্তি করে প্রদানকারী বা ফ্যাসিলিটিকে আপনার কী পরিমাণ অর্থ পরিশোধ করতে হবে (কস্ট-শেয়ারিং) তা নির্ধারণ করবে এবং আপনার বেনিফিটের ব্যাখ্যায় সেই পরিমাণটি দেখাবে।
    - জরুরী পরিষেবা বা আউট-অফ-নেটওয়ার্ক পরিষেবাগুলির জন্য আপনি যে পরিমাণ অর্থ প্রদান করবেন সেগুলিকে আপনার ইন-নেটওয়ার্ক ডিডাক্টিবল এবং আউট-অফ-পকেট সীমার মধ্যে গণনা করবে।

**আপনি যদি মনে করেন যে আপনাকে ভুলভাবে বিল করা হয়েছে এবং আপনার কভারেজ নিউ ইয়র্কের আইনের অধীন** ("সম্পূর্ণ বীমাকৃত কভারেজ") তাহলে আপনি NYC Health + Hospitals-এ কল করতে পারেন 1-844-692-4692 নম্বরে এবং আমাদের জানাতে পারেন যে আপনি বিশ্বাস করেন আপনাকে ভুলভাবে বিল করা হয়েছে।

আমরা যদি আপনাকে সরাসরি সাহায্য করতে না পারি, তাহলে আপনি 1-800-342-3736 নম্বরে কিংবা surprisemedicalbills@dfs.ny.gov ঠিকানায় নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সাথে যোগাযোগ করতে পারেন। স্টেটের আইনের অধীনে আপনার অধিকার সম্পর্কে তথ্যের জন্য www.dfs.ny.gov ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্কের বাইরে কেনা কভারেজ কিংবা স্ব-অর্থায়নের কভারেজের জন্য CMS-এর সাথে যোগাযোগ করুন 1-800-985-3059 নম্বরে। ফেডারেল আইনের অধীনে আপনার অধিকার সম্পর্কিত তথ্যের জন্য www.cms.gov/nosurprises/consumers ওয়েবসাইট দেখুন।